


ভূমিকম্পের অতীত ইতিহাস পর্যালোচনা করলেই আমরা বুঝতে পারব ভূকম্প মানুষের প্রাণহানি হয় না, বরং বিপন্ন বাড়িগুলো সেই কাজটা করে। আমাদের দেশে ৬০ শতাংশ জমিই ভূকম্প প্রবণ, তাই আমরা ভবিষ্যত ভূকম্প কিছুতেই এড়াতে পারব না - যেটা পারব সেটা হলো ঝুঁকিহীন বাড়ি তৈরি করে আমরা আমাদের বিপন্নতা কমাতে।

## আপনার বাড়ি কি ভূকম্পে সুরক্ষিত ?

যদি না হয় তাহলে নিজের বাসগৃহতে ভূকম্প রোধক প্রযুক্তি প্রয়োগ করুন, নতুন বাড়ি নির্মাণের ক্ষেত্রে নির্মাণ উপবিধি (Building Byelaws) এবং ভূকম্প রোধক প্রযুক্তি প্রয়োগ করুন। বিদ্যালয় গৃহ/ আশেপাশে অন্যান্য বাড়িগুলি সুরক্ষিত কিনা তা জানতে দক্ষ বাস্তকারের সাহায্য নিন।

## ভূমিকম্পের সময় কি কি করা উচিত :

ভূকম্পের সময় প্রথমে মেঝেতে বসে পড়ুন, টেবিল/ খাট/ চেয়ারের তলায় ঢুকে পায় শক্ত করে ধরে বসুন, অপেক্ষা করুন যতক্ষণ পর্যন্ত না ভূমিকম্প থামছে।




ভূমিকম্প থেমে যাওয়ার পর যদি কোনো পাকাপোক্ত বাড়িতে থাকেন, সেখানেই থাকুন। যদি কোনো দুর্বল কাঠামোর বাড়িতে থাকেন দ্রুত নেমে আসুন। নামার সময় কোন প্রকার ধাক্কাধাক্কি করবেন না।

## যদি আপনি কোন বহুতল বাড়িতে থাকেন :

- (১) বহুতলের একেবারের বাইরের দেওয়াল থেকে দূরে সরে আসুন এবং মাথায় যাতে কোন প্রকার আঘাত না লাগে সে বিষয়ে সতর্ক থাকুন। হেলমেট বা হাঙ্কা শক্ত জিনিসের সাহায্য নিন।
- (২) লিফট ব্যবহার করবেন না।
- (৩) কাঁচের জানালা থেকে দূরে থাকুন।

## যদি আপনি কোন প্রেক্ষাগৃহ / সিনেমা হল / সভাগৃহের মধ্যে থাকেন :

- (১) ভেতরেই থাকুন, আতঙ্কিত হবেন না।
- (২) দুই হাত দিয়ে মাথা ঢেকে রাখুন এবং ভূমিকম্প না থামা পর্যন্ত শান্ত থাকুন।
- (৩) বের হওয়ার জন্য ছড়োছড়ি করবেন না।
- (৪) ছোটো বাচ্চা / বয়স্ক / প্রতিবন্ধীদের আগে বের হওয়ার সুযোগ দিন।



এক আদর্শ ভূমিকম্পরোধক বাড়ির নমুনা

যদি আপনি গাড়ি চালাতে বা গাড়ির মধ্যে থাকেন :

- (১) রাস্তার ধারে গাড়ি থামিয়ে দিন এবং বেরিয়ে আসুন।
- (২) উড়ালপুল / সেতু / বিদ্যুৎবাহী তার ও খুঁটি / বিজ্ঞাপন হোডিং ইত্যাদি থেকে দূরে থাকুন।

যদি আপনি বাড়ির বাইরে থাকেন :

- (১) ফাঁকা জায়গায় চলে যান।
- (২) গাছপালা / বিজ্ঞাপন হোডিং / বহুতল / বিদ্যুৎবাহী তার ও খুঁটি থেকে দূরে থাকুন।

ভূমিকম্প থেমে যাওয়ার পর :

- (১) নিজে/ অন্যকেউ আহত হয়েছে কিনা খোঁজ নিন। কাটা ও ক্ষতস্থানের প্রাথমিক চিকিৎসা করুন।
- (২) শান্ত থাকুন ও আত্মবিশ্বাস বজায় রাখুন।
- (৩) পীড়িতদের সাহায্য করুন।
- (৪) টেলিভিশন / রেডিও / ফ্রিজ / টেলিফোন ব্যবহার করবেন না।
- (৫) গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য ব্যাটারী চালিত রেডিও ব্যবহার করুন।
- (৬) গ্যাসের সুইচ বন্ধ রাখুন। কোথাও আগুন লেগে থাকলে ফায়ার ব্রিগেড (১০১) অথবা পুলিশ (১০০) কে খবর দিন।
- (৭) গুজবের শিকার হবেন না।